অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেটব্যাপী সংঘটিত অপরাধের ডাটা সম্পর্কে গভর্নর হোকলের বিস্তারিত তথ্য প্রদান, 2024 অর্থবছরের বাজেটে জন নিরাপত্তা সংক্রান্ত বিনিয়োগ ও সংস্কারের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোকপাত

বাজেট প্রস্তাবে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা মোকাবেলা, পুনরায় অপরাধে লিপ্ত হওয়ার প্রবণতা কমিয়ে আনা, এবং ফৌজদারি বিচার ব্যবস্থাকে মহামারীর প্রভাব কাটিয়ে উঠতে সাহায্য করার জন্য 491.9 মিলিয়ন ডলার বরাদ্দ করা হয়েছে

2021 সালের তুলনায় 2022 সালে গোলাগুলির ফলে লোকজন আঘাতপ্রাপ্ত হওয়ার ঘটনা নিউ ইয়র্ক সিটিতে 17 শতাংশ কমেছে এবং স্টেটের কাছে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার ডাটা রিপোর্ট করা 20টি কমিউনিটিতে 15 শতাংশ কমেছে

স্টেটব্যাপী হত্যার ঘটনা 11 শতাংশ কমেছে, অপরাধ বৃদ্ধি পাওয়ার রিপোর্ট পাওয়া গেছে

সাধারণ বিবেচনাবোধের সাথে সঙ্গতিপূর্ণ জামিনের প্রস্তাব সাংঘর্ষিক আইন নিয়ে বিভ্রান্তি দূর করবে এবং পুনরায় অপরাধকারী ও সহিংস অপরাধীদেরকে জবাবদিহিতার সম্মুখীন করবে

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেটব্যাপী সংঘটিত অপরাধের নতুন ডাটা ঘোষণা করেছেন এবং তার 2024 অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্ত করা জন নিরাপত্তা সংক্রান্ত বিনিয়োগ ও সংস্কারগুলোর প্রয়োজনীয়তা সম্পর্কে আলোকপাত করেছেন। ক্যাপিটলে একটি ভাষণ প্রদানের সময়, গভর্নর আগ্নেয়াস্ত্র সংক্রান্ত অপরাধ ও সহিংসতা মোকাবেলা ও প্রতিরোধ করা, পুনরায় অপরাধে লিপ্ত হওয়ার প্রবণতা কমিয়ে আনা, এবং ফৌজদারি বিচার ব্যবস্থাকে মহামারী চলাকালীন সময়ের বিঘ্নতা কাটিয়ে উঠতে সাহায্য করার জন্য প্রমাণিত কর্মকৌশলগুলোর জন্য তার 491.9 মিলিয়ন ডলার বিনিয়োগের রূপরেখা তুলে ধরেন। 2021 সালের তুলনায় গত বছরে গোলাগুলির ফলে লোকজন আঘাতপ্রাপ্ত হওয়ার ঘটনা নিউ ইয়র্ক সিটিতে 17 শতাংশ কমেছে এবং স্টেটের কাছে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার ডাটা রিপোর্ট করা 20টি কমিউনিটিতে 15 শতাংশ কমেছে, এবং 2023 সালের শুরুতেও এসব ঘটনার সংখ্যা কমে আসা অব্যাহত রয়েছে। গত বছরে স্টেটব্যাপী রিপোর্টকৃত হত্যার ঘটনা 11 শতাংশ কমেছে, যেখানে খুন হওয়ার ব্যক্তির সংখ্যা 94 জন কমেছে, এবং সামগ্রিক অপরাধের সূচক 21 শতাংশ বৃদ্ধি পেলেও, এসব সংখ্যা তিন দশক আগে যেমন

সংখ্যা দেখা গিয়েছিল তার চেয়ে অনেক কম রয়েছে। এছাড়াও গভর্নর হোকল স্টেটের জামিন আইনে বিদ্যমান "সবচেয়ে কম বিধিনিষেধমূলক" মানদণ্ড অপসারণ করার জন্য সাধারণ বিবেচনা বোধের সাথে সঙ্গতিপূর্ণ তার প্রস্তাবের পক্ষে বক্তব্য রাখেন, যে প্রস্তাবটি বিচারিক সিদ্ধান্তের স্বাধীনতা পুনরুদ্ধার করা এবং অব্যাহতভাবে পুনরায় অপরাধে লিপ্ত হতে থাকা এবং সহিংস অপরাধ করতে থাকা অপরাধীদেরকে জবাবদিহিতার সম্মুখীন করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

"নিউ ইয়র্কবাসীরা এমন একটি ফৌজদারি বিচার ব্যবস্থা পাওয়ার অধিকার রাখেন যেটি নিরাপত্তা ও ন্যায়বিচার উভয়টিকে অগ্রাধিকার দিবে," **বলেছেন গভর্নর হোকল।** "নিউ ইয়র্কবাসীদেরকে সুরক্ষিত রাখা আমার শীর্ষ অগ্রাধিকার, যেকারণে আমার বাজেট প্রস্তাবে রেকর্ড পরিমাণ বিনিয়োগ এবং প্রমাণিত কর্মকৌশলসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে যাতে আমার প্রশাসন ঠিক সে কাজটি সম্পন্ন করা নিশ্চিত করতে পারে। আমাদের স্টেটজুড়ে অপরাধের বিরুদ্ধে লড়াই করার জন্য আমরা সাধ্যমতো কাজ করে যাচ্ছি এবং সঠিক দিকে এগিয়ে যাচ্ছি কিন্তু প্রত্যেক নিউ ইয়র্কবাসী নিরাপদে বসবাস করতে পারার আগ পর্যন্ত আমরা আমাদের কাজ বন্ধ করবো না।"

গভর্নর হোকল তার সমন্বিত ক্রিমিনাল জাস্টিস প্ল্যাটফর্ম, এখন পর্যন্ত অর্জিত অগ্রগতি তুলে ধরা অপরাধ বিষয়ক প্রবণতা এবং সিস্টেমের কার্যকারিতা ও ফলপ্রসূতা নিশ্চিত করতে এখনো যেসব উন্নয়ন সাধনের প্রয়োজন রয়েছে সেগুলোর উপর আলোকপাত করেন। 12 মার্চ, 2023 তারিখ পর্যন্ত, এবছর গোলাগুলির ফলে লোকজন আঘাতপ্রাপ্ত হওয়ার ঘটনা অব্যাহতভাবে কমে আসছে, যেখানে স্টেটের কাছে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার ডাটা রিপোর্ট করা এবং আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা দূরীকরণের (Gun Involved Violence Elimination, GIVE) উদ্যোগে অংশগ্রহণকারী 20টি কমিউনিটিতে আঘাতপ্রাপ্ত হওয়া ব্যক্তির সংখ্যা 55 জন কমেছে (-34 শতাংশ) এবং নিউ ইয়র্ক সিটিতে আগ্নেয়াস্ত্রের গুলিতে আঘাতপ্রাপ্ত হওয়া ব্যক্তির সংখ্যা 44 জন কমেছে (-21 শতাংশ)। একই সময়ের মধ্যে, সামগ্রিক অপরাধের সূচক 21 শতাংশ বৃদ্ধি পেয়েছে: সহিংস অপরাধ (খুন, ধর্ষণ, ডাকাতি, আগ্রাসী আক্রমণ), 10 শতাংশ, এবং সম্পত্তির সাথে সম্পর্কিত অপরাধ (বাড়িতে প্রবেশ করে চুরি, ব্যক্তিগত জিনিসপত্র চুরি, মোটরযান চুরি), 24 শতাংশ বেড়েছে।

ফৌজদারি বিচার ব্যবস্থার গুরুত্বপূর্ণ ম্যাট্রিক্সগুলো 2019 সালের মহামারী দেখা দেওয়ার আগের সময়ের স্তরে ফিরে যায়নি, যে সময়ে টানা সাত বছর ধরে কমতে থাকার পরে নিউ ইয়র্ক স্টেটে রিপোর্টকৃত অপরাধের পরিমাণ সর্বকালের সর্বনিম্ন পরিমাণে পৌঁছে গিয়েছিল। 2022 সালে অসদাচারণ ও অপরাধের জন্য গ্রেপ্তার বৃদ্ধি পেয়েছে কিন্তু এখনো 2017 সাল থেকে 2019 সালের মধ্যবর্তী সময়ে পুলিশ সংস্থাগুলোর দ্বারা রিপোর্টকৃত সংখ্যার চেয়ে কম রয়েছে। একই সময়ে, গত বছর স্টেটের আদালতগুলো অপেক্ষাকৃত কম সংখ্যক কেস নিষ্পত্তি করেছে: 2017 সাল থেকে 2019 সাল পর্যন্ত সময়ে প্রতি বছরে ঘটা ডিপোজিশনের তুলনায় 118,378টি ডিপোজিশন রিপোর্ট করা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services)-এর কমিশনার রোজানা রোসেডো বলেন, "সমতা ও ন্যায়বিচার হচ্ছে ফৌজদারি বিচার ব্যবস্থার দুইটি স্তম্ভ যেগুলো সব নিউ ইয়র্কবাসীর জন্য এটি ফলপ্রসূভাবে কাজ

করার বিষয়টি নিশ্চিত করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্ককে নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়া সবারই এই ব্যাপারে নিশ্চয়তা পাওয়া উচিত যে সিস্টেমটি আমাদেরকে নিরাপদ রাখার জন্য অব্যাহতভাবে উন্নতি করে চলেছে। সবার জন্য সত্যিকারের ন্যায়বিচার ও নিরাপত্তা প্রদানের জন্য আমাদের অঙ্গীকারাবদ্ধতায় গভর্নর হোকলের সমর্থন ও অংশীদারিত্বের জন্য আমি কৃতজ্ঞ।"

গভর্নর হোকলের বাজেট প্রস্তাব সফল বলে প্রমাণিত হওয়া কর্মসূচিগুলোতে বিনিয়োগ দ্বিগুণে উন্নীত করে **337 মিলিয়ন ডলার** বিনিয়োগ করছে: 2023 অর্থবছরের চেয়ে 110 মিলিয়ন ডলার বেশি, যা এক প্রজন্মে জন নিরাপত্তা খাতে অর্থায়নের জন্য সবচেয়ে বড় বিনিয়োগ। 2024 অর্থবছরের প্রস্তাবের মধ্যে রয়েছে:

- তরুণদের কর্মসংস্থান সংক্রান্ত কর্মসূচিগুলোর জন্য **84.1 মিলিয়ন ডলার**, যার মধ্যে **37 মিলিয়ন ডলার** হচ্ছে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা দূরীকরণের উদ্যোগের (Gun Involved Violence Elimination, GIVE) আওতাধীন কর্মসূচিগুলোর জন্য।
- আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার ঘটনার পর কমিউনিটিগুলোর সাড়াদান প্রচেষ্টার জন্য **70 মিলিয়ন ডলার**, যার মধ্যে **50 মিলিয়ন ডলার** হচ্ছে কমিউনিটির মূলধনী চাহিদাগুলোর জন্য।
- আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা দূরীকরণ (GIVE) উদ্যোগের জন্য **36.4 মিলিয়ন ডলার**
- অপরাধ কমানো, তরুণদের জন্য ন্যায়বিচার, এবং গ্যাং প্রতিরোধ করার কর্মসূচিগুলোর জন্য **31.1 মিলিয়ন ডলার**।
- স্টেট পুলিশের কমিউনিটি স্ট্যাবিলাইজেশন ইউনিটগুলোর (Community Stabilization Units, CSU) জন্য **25.9 মিলিয়ন ডলার** যা এই ইউনিটগুলোর সংখ্যা 16টি থেকে 25টিতে উন্নীত করবে।
- SNUG স্ট্রিট আউটরিচ (SNUG Street Outreach) কর্মসূচির জন্য **25 মিলিয়ন ডলার**।
- স্টেটের সহায়তায় পরিচালিত ক্রাইম অ্যানালাইসিস সেন্টারগুলোর জন্য **18 মিলিয়ন ডলার**, যার মধ্যে নিউ ইয়র্ক সিটিতে একটি নতুন সেন্টার প্রতিষ্ঠা করা অন্তর্ভুক্ত রয়েছে, যেটি স্টেটব্যাপী সেন্টারের সংখ্যা 11টিতে উন্নীত করবে।

এছাড়াও প্রস্তাবিত নির্বাহী বাজেটে ফৌজদারি বিচার ব্যবস্থার কার্যকারিতা ও ফলপ্রসূতা উন্নত করার জন্য উল্লেখযোগ্য অর্থায়ন অন্তর্ভুক্ত করা হয়েছে:

- 62টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিসের সবগুলোতে প্রসিকিউশনের কাজে অর্থায়নের জন্য **52 মিলিয়ন ডলার**।
- ডিস্কভারি সংস্কার বাস্তবায়নে আর্থিক সহায়তার জন্য **40 মিলিয়ন ডলার**।

- কারারুদ্ধকরণ কর্মসূচির বিকল্পসমূহের জন্য **31.4 মিলিয়ন ডলার**।
- বিচারপূর্ব পরিষেবাগুলোর জন্য **20 মিলিয়ন ডলার**।
- 20টি কাউন্টি রি-এন্ট্রি টাস্ক ফোর্সের জন্য **11.5 মিলিয়ন ডলার** যা লোকজনকে কারাদণ্ড ভোগ করে বের হওয়ার পরে নিজেদের কমিউনিটিতে পুনরায় একীভূত হতে সাহায্য করে থাকে।

একসঙ্গে বিবেচনা করলে, এসব বিনিয়োগ একটি সমন্বিত পরিকল্পনায় অর্থায়ন করে যা এই ব্যবস্থার সব স্তরে ভূমিকা রাখছে। এছাড়াও গভর্নর হোকল আইন সম্পর্কে বিভ্রান্তি দূর করার জন্য তার সাধারণ বিবেচনা বোধের সাথে সঙ্গতিপূর্ণ জামিন প্রস্তাবনার প্রয়োজন পুনরায় উল্লেখ করেছেন। এটি 1 জানুয়ারি, 2020 তারিখে কার্যকর হওয়ার পর থেকে এই আইনের অন্যান্য সংশোধনীর সঙ্গে যোগ হবে, যেখানে গুরুতর অপরাধ ও পুনরায় অপরাধ করার জন্য অভিযুক্ত হওয়া ব্যক্তিদের জামিন প্রদানের ব্যাপারে বিচারকদের কাছে যাতে স্বাধীনভাবে সিদ্ধান্ত নেওয়ার সুযোগ থাকে সে বিষয়টি নিশ্চিত করার প্রতিও মনোযোগ দেওয়া হয়েছে।

একদিকে, এই আইন একজন বিবাদীর আদালতে ফিরে আসা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় কেবল "সবচেয়ে কম বিধিনিষেধ" প্রয়োগ করার বিবেচনার উপর নির্ভর করে বিচারপূর্ব সিদ্ধান্ত গ্রহণকে সীমিত করছে। অন্যদিকে, আইনটি বিচারকদেরকে জামিন নির্ধারণ করার সময় আরো অন্যান্য বিষয় বিবেচনা করারও নির্দেশনা দিয়েছে। এর ফলে বিবাদী যখন বাড়তি কোনো সহিংস অপরাধ করে তখন একে অপরের দিকে আঙুল তাক করার পরিস্থিতি ও বিভ্রান্তি তৈরি হয়। গভর্নর হোকলের প্রস্তাব আইনের মধ্যে ইতোমধ্যে অন্তর্ভুক্ত থাকা বিষয়গুলো বিবেচনার ক্ষেত্রে বিচারকের স্বাধীনতা পুনরুদ্ধার করছে এবং প্রত্যেক ব্যক্তির জন্য উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণের সুযোগ তৈরি করছে।

দায়িত্ব গ্রহণ করার পর থেকে, গভর্নর হোকল গোস্ট গান, বড় ক্যাপাসিটির ম্যাগাজিন এবং বডি আর্মার নিষিদ্ধ করা; আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার জন্য জামিনের উপযুক্ততা সম্প্রসারণ করা; সেমি-অটোম্যাটিক অস্ত্র ক্রয় করার বয়সসীমা 21 বছরে উন্নীত করা; এবং দেশের মধ্যে প্রথম আগ্নেয়াস্ত্র বিষয়ক আন্তঃস্টেট টাস্ক ফোর্স (Interstate Task Force on Illegal Guns) চালু করা, যেটি মার্চের মাঝামাঝি সময়ে আবার বৈঠকে অংশ নিয়েছে, এবং অন্যান্য উদ্যোগের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতা প্রতিরোধ বিষয়ক আইনসমূহ শক্তিশালী করার জন্য পদক্ষেপ গ্রহণ করে আসছেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418